## গণিত শিক্ষাবীক্ষণ কেন্দ্র (CPSM)

## কৃতিত্ব ও দুর্বলতা নির্ণায়ক পরীক্ষা - 2024

**নির্দেশ ঃ** উত্তরপত্রে তোমার নাম, শ্রেণি, রোল নম্বর ইত্যাদি দিতে হবে। প্রশ্নে দেওয়া (a), (b), (c) বা (d) উত্তরগুলির মধ্যে সঠিক উত্তর নির্বাচন করো। উত্তরপত্রে এই উত্তর নীল/কালো বল পেনে ■ এইরূপ ভরাট করে দাও। যেমন, 'X' নম্বর প্রশ্নের (c) সঠিক উত্তর হলে উত্তরপত্রে যথার্থস্থানে এরূপ চিহ্ন বসাও। প্রশ্নঃ X: □□■□। রাফ কাজ পৃথক কাগজে করো। তিনটি ভুল উত্তরের জন্য এক নম্বর কাটা যাবে।

1. ইংরাজীর বড় হাতের E অক্ষরটিতে কতগুলি সমকোণ দেখা যায়?

(a) 4 (b) 3 (c) 2 (d) 1

2.




fig -I fig -II fig -III fig -IV

উপরের চিত্রগুলির মধ্যে কোন্‌টি সরলরেখাংশ সূচিত করে?

(a) fig -I (b) fig -IV (c) fig -II (d) fig -III

3. কোন বাহু বা কৌণিক বিন্দু নেই এরূপ সর্বাধিক পরিচিত জ্যামিতিক চিত্রটি হল


(a) কোণ (b) বর্গক্ষেত্র (c) ত্রিভুজ (d) বৃত্ত



4. ঘড়িতে যখন বেলা 2 টা বাজে তখন ঘড়ির ঘণ্টার কাঁটা এবং মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণটি হল

(a) সমকোণ (b) সূক্ষ্মকোণ (c) স্থূলকোণ (d) সরলকোণ


5. পাশের চিত্রে কয়টি আয়তক্ষেত্র দেখা যাচ্ছে?



(a) 3 (b) 4

(c) 5 (d) 6


6. পাশের চিত্রে কয়জোড়া সমান্তরাল সরলরেখা দেখতে পাচ্ছি?



(a) 0 (b) 2

(c) 6 (d) 3

7. পাশের চিত্রটিতে AF = 4 সেমি., BC = EF = 1 সেমি., ED = 3 সেমি., এবং CD = 2 সেমি., হলে চিত্রটির পরিসীমা হল




(a) 14 সেমি. (b) 12 সেমি.

(c) 15 সেমি. (d) কোনটিই নয়

8. ভারতের জাতীয় পতাকায় কতগুলি আয়তক্ষেত্র দেখা যায়?

(a) 3 (b) 4 (c) 5 (d) 6

9. ত্রিভুজ পিরামিডের তল সংখ্যা হল

(a) 3 (b) 4 (c) 5 (d) কোনটিই নয়

10. লুডোর ছক্কার প্রতিটি তল হল

(a) আয়তাকার (b) ত্রিভুজাকার

(c) বর্গাকার (d) ঘনকাকার

11. 5, 11, 23, ....., 95, 191 সংখ্যাশ্রেণিটির ফাঁকা স্থানের সংখ্যাটি হল

(a) 57 (b) 48 (c) 51 (d) 47

12. যে বর্গক্ষেত্রের পরিসীমা 4 সেমি তার ক্ষেত্রফল

(a) 1 বর্গসেমি (b) 4 বর্গসেমি

(c) 16 বর্গসেমি (d) 2 বর্গসেমি

13. চার অঙ্কের কোন্ বৃহত্তম সংখ্যা 27 দ্বারা বিভাজ্য?

(a) 9999 (b) 9987 (c) 9993 (d) 9990

14. তোমাদের বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রতিদিন নার্সারী শ্রেণির শিশুদের 251 টি চকোলেট দেন, 2024 সালের ফেব্রুয়ারী মাসে তিনি মোট কতগুলি চকোলেট দিয়েছিলেন?

(a) 7279 (b) 7530 (c) 7781 (d) 7028



15. পাশের চিত্রে একটি যাদুবর্গ দেখানো হচ্ছে যার দ্বিতীয় সারির প্রথম ঘরের সংখ্যাটি x দেখানো হয়েছে এবং তিনটি স্থানের সংখ্যাগুলি দেখানো হয়নি। x-এর জায়গায় কোন্ সংখ্যা বসবে?

| | | |
|---|---|---|
| 11 | 9 | 21 |
| x | | 2 |
| | 20 | |

(a) 12 (b) 29 (c) 41 (d) 27

16. $40 - [24 - \{35 - (20 - 5)\}] =$

(a) 26 (b) 36 (c) 63 (d) 16

17. নীচের বিবৃতিগুলির মধ্যে কোন্‌টি ভুল?

(a) কোন সংখ্যাকে 1 দিয়ে ভাগ করলে ভাগফল হবে ঐ সংখ্যাটিই।

(b) শূণ্যব্যতীত কোন সংখ্যাকে ঐ সংখ্যাটি দিয়েই ভাগ করলে ভাগফল 1 হবে।

(c) শূণ্য দ্বারা ভাগ অর্থহীন।

(d) শূণ্যকে যে কোন সংখ্যা দিয়ে ভাগ করলে ভাগফল শূণ্য হবে।

18. একটি রেলগাড়ীর গতিবেগ ঘণ্টায় 56 কিলোমিটার; যদি রেলগাড়ীটি 4 ঘণ্টা 30 মিনিট ধরে গতিশীল থাকে তাহলে ট্রেনটি কত পথ অতিক্রম করবে?

(a) 254 কিমি (b) 252 কিমি

(c) 250 কিমি (d) 262 কিমি

19. শংকর 229.50 টাকা দিয়ে 9 টি কলম কিনল, তার প্রতি কলমের দাম কত পড়ল?

(a) 25 টাকা (b) 26 টাকা

(c) 25.50 টাকা (d) কোনটিই নয়।

20. 9 টি পাখার দাম 8370 টাকা হলে ঐরূপ 14 টি পাখার দাম কত?

(a) 930 টাকা (b) 1930 টাকা

(c) 13000 টাকা (d) 13020 টাকা

21. আমি 210 টাকায় এক ডজন খাতা কিনেছি, ঐরূপ চারটি খাতার দাম কত হবে?

(a) 72 টাকা (b) 70 টাকা (c) 146 টাকা (d) 144 টাকা

22. একটি আয়তাকার মাঠের পরিসীমা 682 মিটার, ঐ মাঠের প্রস্থ 95 মিটার হলে দৈর্ঘ্য কত?

(a) 244 মিটার (b) 492 মিটার (c) 240 মিটার (d) 246 মিটার

23. $7808 \div 8$, $808 \times 10$, $7808 - 780$ এবং $1808 + 808$ এর মধ্যে কোন্‌টি ক্ষুদ্রতম?

(a) $7808 \div 8$ (b) $808 \times 10$

(c) $7808 - 780$ (d) $1808 + 808$

24. 7 কিলোমিটার 5 হেক্টোমিটার 3 মিটার = কত মিটার?

(a) 753 মিটার (b) 7530 মিটার

(c) 7503 মিটার (d) 75300 মিটার



25. 8100 এর ঠিক পূর্ববর্তী পূর্ণসংখ্যাকে 87 দ্বারা গুণ করলে গুণফল কত হবে?

(a) 74613 (b) 704613

(c) 7004613 (d) 704787

26. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 1 মিটার এবং প্রস্থ 62 সেন্টিমিটার হলে ঐ আয়তক্ষেত্রের পরিসীমা কত?

(a) 62 সেমি (b) 620 সেমি

(c) 162 সেমি (d) 324 সেমি

27. অর্চনা 3 মিটার 60 সেন্টিমিটার কাপড় জামা তৈরীর জন্য, 4 মিটার 58 সেন্টিমিটার কাপড় বালিশের জন্য এবং 5 মিটার 27 সেন্টিমিটার কাপড় বিছানার চাদরের জন্য কিনল, অর্চনা মোট কত কাপড় কিনল?

(a) 13 মিটার (b) 13 মিটার 55 সেন্টিমিটার

(c) 13 মিটার 45 সেন্টিমিটার (d) 13 মিটার 50 সেন্টিমিটার

28. 19 টি একই রকম পুতুলের দাম 508·25 টাকা হলে প্রতিটি পুতুলের দাম কত?

(a) 26 টাকা (b) 26·75 টাকা

(c) 27 টাকা (d) 26·50 টাকা

29. নীচের উক্তিগুলির মধ্যে কোন্‌টি ভুল?

(a) কোন সংখ্যার সর্ববৃহৎ উৎপাদক হল ঐ সংখ্যাটিই।

(b) 1 প্রত্যেক সংখ্যারই একটি উৎপাদক।

(c) প্রত্যেক সংখ্যাই হল 1 এর একটি গুণিতক।

(d) প্রত্যেক সংখ্যার প্রথম গুণিতক হল 1 (এক)।

30. দুটি সংখ্যার গুণফল 1524979; যদি ওদের মধ্যে একটি সংখ্যা 647 হয় তাহলে অপরটি হল —

(a) 2357 (b) 2358 (c) 2359 (d) 2350

31. একটি সব্জীবাগানের দৈর্ঘ্য 5 মিটার 55 সেন্টিমিটার এবং প্রস্থ 3 মিটার 49 সেন্টিমিটার। বাগানটির চারদিকে বেড়া দিতে প্রয়োজনীয় বেড়ার দৈর্ঘ্য কত হবে?

(a) 18 মি. 8 সেমি. (b) 18 মি. 18 সেমি.

(c) 36 মি. 16 সেমি. (d) 19 মি.

32. $(12 \div 4 + 2)\ (8 \times 2 \div 16 + 1) =$

(a) 5 (b) 15 (c) 10 (d) 1

33. রাণা বছরের প্রথম 7 মাস প্রতি মাসে 225 টাকা খরচ করায় তার কিছু সঞ্চয় হল এর পর ঐ বছরের অবশিষ্ট 5 মাস প্রতিমাসে 261 টাকা খরচ করায় বছরের শেষে দেখা গেল তার কিছু সঞ্চয় বা ঋণ হয়নি। মাসে রাণা কত আয় করেছে?

(a) 260 টাকা (b) 240 টাকা (c) 230 টাকা (d) 210 টাকা

34. রিমি 9 টি পেনসিল কিনে দোকানদারকে একটি 100 টাকার নোট দিল এবং দোকানদার ঐ পেনসিলের দাম নিয়ে রিমিকে 11·80 টাকা ফেরত দিল, প্রতিটি পেনসিলের দাম কত?

(a) 9 টাকা (b) 10 টাকা

(c) 9 টাকা. 80 পয়সা (d) 9 টাকা. 90 পয়সা



35. দুটি সংখ্যার সমষ্টি 4042 এবং অন্তর 2024 হলে ক্ষুদ্রতর সংখ্যাটি কত?

(a) 2018 (b) 1012

(c) 3033 (d) 1009

36. কোন সংখ্যাকে 56 দিয়ে ভাগ করায় 29 ভাগশেষ পাওয়া গেল; ঐ সংখ্যাটিকে 8 দিয়ে ভাগ করলে কত ভাগশেষ পাওয়া যাবে?

(a) 3 (b) 5 (c) 7 (d) 1

37. 590 মিটার দীর্ঘ একটি সোজা রাস্তার পাশে 60 টি খুঁটি সমদূরত্বে পোঁতা হল, যদি রাস্তার দুই প্রান্তে দুটি খুঁটি থাকে তাহলে দুটি পর পর খুঁটির দূরত্ব কত?

(a) 11 মিটার (b) 20 মিটার

(c) 9 মিটার (d) 10 মিটার

38. শ্রীমতী দে একটি দোকানে গিয়ে 72 টাকা 50 পয়সা দামের এক প্যাকেট চা, প্রতি কিগ্রা 40 টাকা দরে 2 কিগ্রা চিনি এবং 105 টাকা 25 পয়সা দামের এক প্যাকেট কফি কিনে দোকানদারকে একটি 500 টাকার নোট দিলেন, দোকানদার শ্রীমতী দে কে কত ফেরত দেবেন?

(a) 242·25 টাকা (b) 242 টাকা

(c) 240 টাকা (d) কোনটিই নয়

39. 305217 সংখ্যাটিতে 0 এর স্থানীয় মান কত?

(a) 0 (b) 10000 (c) 100000 (d) কোনটিই নয়

40. 3, 6, 5 এবং 0 অঙ্কগুলির প্রতিটিকে মাত্র একবার ব্যবহার করে যে বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যা গঠন করা যায় তাদের অন্তর হল

(a) 3474 (b) 6174 (c) 2970 (d) 297

41. 300 ÷ { 3 × (10 এর 10 ÷ 2)} =

(a) 1 (b) 500 (c) 50 (d) 2

42. যে ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 15 সেন্টিমিটার তার পরিসীমা হল

(a) 45 সেমি (b) 30 সেমি (c) 9 সেমি (d) 60 সেমি

43. 12346 এর সঙ্গে কোন্ ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল 50 দ্বারা বিভাজ্য হবে?

(a) 54 (b) 4 (c) 14 (d) 6

44. 586723 সংখ্যাটির 6 এর স্থানীয় মান এবং প্রকৃত মানের অন্তর হল

(a) 723 (b) 6717

(c) 5994 (d) 594



45. 3609 এর নিকটতম কোন্ সংখ্যা 21 দ্বারা বিভাজ্য?

(a) 3619 (b) 3591

(c) 3630 (d) 3612

46. 15 অপেক্ষা ক্ষুদ্রতর কোন্ সংখ্যাকে 3 দ্বারা ভাগ করলে 1 ভাগশেষ থাকবে, কিন্তু 4 দ্বারা ভাগ করলে 2 ভাগশেষ থাকবে?

(a) 14 (b) 7 (c) 10 (d) 13

47. চার অঙ্কের বৃহত্তম সংখ্যা এবং দুই অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার সমষ্টি হল

(a) 10009 (b) 10000

(c) 19999 (d) 10090

48. যে আয়তক্ষেত্রের বাহুগুলি সমান তা হল একটি

(a) রম্বস (b) বর্গক্ষেত্র

(c) ট্রাপিজিয়ম (d) কাইট

49. একটি ব্যাঙ তিনবার লাফ দিল, প্রথম লাফে ব্যাঙটি 64 সেমি গেল এবং পরবর্তী প্রতি লাফে পূর্বের লাফের এক চতুর্থাংশ কম পথ অতিক্রম করে। ব্যাঙটি ঐ তিন লাফে মোট কত দূরত্ব যেতে পারবে?

(a) 112 সেমি (b) 36 সেমি

(c) 100 সেমি (d) 148 সেমি

50. 2024 ÷ (2 + 0 + 2 + 4) =

(a) 153 (b) 253 (c) 353 (d) 23

51. কোন ভাগঅঙ্কে ভাগফল 11, ভাজক 13 এবং ভাগশেষ 9 হলে ভাজ্য কত?

(a) 134 (b) 161 (c) 143 (d) 152

52. তোমাদের শ্রেণির ছাত্র সংখ্যা 23, তোমাদের শ্রেণিকক্ষের বেঞ্চিগুলির প্রতিটিতে তিনজন করে বসতে পারে। তোমাদের শ্রেণিকক্ষের জন্য কয়টি বেঞ্চি লাগবে?

(a) 7 (b) 8 (c) 9 (d) কোনটিই নয়

53. 3 দিয়ে শুরু এবং 4 দিয়ে শেষ পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি হল

(a) 3004 (b) 34000

(c) 30004 (d) 34343

54. 916, 3 এবং আর একটি তৃতীয় সংখ্যার গুণফল 214344 হলে তৃতীয় সংখ্যাটি কত?

(a) 87 (b) 78 (c) 79 (d) 81

55. দুটি ক্রমিক যুগ্ম সংখ্যার গুণফল 528 হলে ঐ সংখ্যা দুটি হল

(a) 24 এবং 28 (b) 18 এবং 22

(c) 24 এবং 26 (d) 22 এবং 24



56. 4 জন বালকের বর্তমান বয়সের সমষ্টি 36 বছর, 2 বছর পর তাদের বয়সের সমষ্টি কত হবে?

(a) 44 বছর (b) 40 বছর

(c) 38 বছর (d) 48 বছর

57. 1, 4, 9, 16, ..., ... শ্রেণিটির ষষ্ঠ পদটি কত?

(a) 35 (b) 32 (c) 36 (d) 42

58. A যতক্ষণে 20 মিটার দৌড়ায়, B সেই সময়ে 25 মিটার দৌড়ায়, এক কিলোমিটারের একটি দৌড় প্রতিযোগিতায় B, A কে কত মিটারে পরাজিত করবে?

(a) 125 মিটার (b) 200 মিটার

(c) 100 মিটার (d) 225 মিটার

59. 4 জন লোক 4 দিনে 4 টি নৌকা রং করতে পারে, একজন লোক কতদিনে একটি নৌকা রং করতে পারবে?

(a) 1 (b) 2 (c) 4 (d) 8

60. দুটি সংখ্যার সমষ্টি 80 ; যদি ক্ষুদ্রতর সংখ্যাটির 3 গুণ, বৃহত্তরটির দ্বিগুণের সমান হয় তাহলে ক্ষুদ্রতর সংখ্যাটি হল

(a) 30 (b) 16 (c) 32 (d) 48